দৈনিক খবর

তারিখ 06 MAR 1993
পৃষ্ঠা 7 কলাম 6

৭০

# মাধ্যমিক শিক্ষক নেতাদের সাথে শিক্ষা প্রতিমন্ত্রীর বৈঠক

বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দ বৃহস্পতিবার শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খানের সাথে মন্ত্রণালয়ের সভাকক্ষে এক বৈঠকে মিলিত হন। বৈঠকে সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষকদের শূন্য পদ পূরণ ও পদোন্নতি, সহকারী শিক্ষকদের গেজেটেড মর্যাদাদান এ মাধ্যমিক স্তরের প্রশাসনিক পদ সমূহের জ্যেষ্ঠতা নির্ধারণ সংক্রান্ত বিষয়ে সন্তোষজনক ও বিস্তারিত আলোচনা করা হয়। শিক্ষা প্রতিমন্ত্রী সরকারী মাধ্যমিক শিক্ষকদের বিভিন্ন সমস্যা ধৈর্যসহকারে শোনেন এবং এসব সমস্যা পর্যায়ক্রমে সমাধানের আশ্বাস দেন। শিক্ষা সচিব ইরশাদুল হক, যুগ্ম সচিব গিয়াস উদ্দিন আহমদ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাসচিব মোহাম্মদ তোয়াহা, সহ-সভাপতি বেগম লুৎফা ও হাওলাদার আবদুল করিম, কোষাধ্যক্ষ আবুল বাশার, সদস্য মোঃ হাবিবুল্লাহ আঃ আজিজ ও জহিরুল আলম প্রমুখ বৈঠকে উপস্থিত ছিলেন। তথ্য বিবরণী।